ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 133 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ১৩৩ ● কলকাতা ● ০৩ জৈষ্ঠ, ১৪৩৩ ● সোমবার ● ১৮ মে ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# জোড়া বৈঠক করলেন শুভেন্দু অধিকারী



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**নন্দীগ্রাম:** ভবানীপুর আর নন্দীগ্রাম, এই দুই কেন্দ্র থেকে ভোটে দাঁড়িয়েছিলেন শুভেন্দু অধিকারী । দুটি কেন্দ্র থেকেই বিপুল ভোটে জয়লাভ করেছেন তিনি। মুখ্যমন্ত্রী পদে শপথ ও নিয়েছেন। কিন্তু ভবানীপুর আর নন্দীগ্রাম, আইনত এই ২টি কেন্দ্র থেকে বিধায়ক থাকতে পারবেন না তিনি। নন্দীগ্রামে উপনির্বাচন কবে হবে? প্রার্থী নিয়ে কী কিছু আলোচনা হল? ভগবানপুরের বিধায়ক বলছেন, 'না, প্রার্থী নিয়ে কিছুই আলোচনা হয়নি। কেবল আমাদের জানানো হয়েছে, ৩-৪ মাস পরে উপনির্বাচন হবে। তারই প্রস্তুতি রাখতে হবে। সবাইকে একজোট হয়ে কাজ করতে হবে। মার্জিন বাড়ানোর জন্য কাজ করতে হবে, সংগঠন আরও মজবুত করতে হবে।'তাঁকে যে কোনও একটি কেন্দ্র ছেড়ে দিতে হবে। আর তিনি যে কেন্দ্র ছেড়ে দেবেন, সেখানে হবে উপনির্বাচন। কয়েকদিন আগেই মুখ্যমন্ত্রী জানিয়ে দিয়েছেন, তিনি ভবানীপুর কেন্দ্রই নিজের হাতে রাখবেন। ছেড়ে দেবেন নন্দীগ্রাম। তবে তার পাশাপাশি শুভেন্দু অধিকারী এই বার্তাও দিয়েছেন যে, খাতায় কলমে তিনি

এরপর ৫ পাতায়




পর্ব 292

## হিমালয়ের সমর্পণ যোগ



সেইজন্যে সমাজের জ্ঞান স্ত্রীর থেকে মিলতে পারে, পুরুষ থেকে নয়। সেইজন্যে নিজের ভিতরের স্ত্রী-তত্ত্বকে জাগাও, ঐ স্ত্রী-তত্ত্ব মানব-জাতিকে কিছু নবজীবন দিতে পারে।" গুরুদেব কি বলতে চাইছিলেন, তা বুঝতে পারছিলাম না। আমি তো পুরুষ, তাহলে স্ত্রী কি করে হতে পারি? তাহলে তিনি আমাকে স্ত্রী হওয়ার কথা কেন বলছেন? **ক্রমশঃ**

# এবার হাওড়া স্টেশনে বুলডোজার




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

গভীর রাতে হাওড়া স্টেশনের বাইরে বেআইনি দোকানঘর, ডালা উচ্ছেদ অভিযান হল। সেখানেই চলল বুলডোজার। একে একে দোকানঘর গুঁড়িয়ে দেওয়া হল। গতকাল, শনিবার রাতে রেল পুলিশ হাওড়া স্টেশনে এই উচ্ছেদ অভিযান চালায়। ১৫০-এর বেশি অবৈধ দোকান ভেঙে ফেলা হয়েছে বলে প্রাথমিকভাবে খবর।বুলডোজার নামার কথা শুনে বহু ব্যবসায়ী সেখানে হাজির হয়েছিল। জিনিসপত্র সেখান থেকে সরিয়ে নিয়ে যান অনেকেই। স্টেশন চত্বর রাতেই কার্যত বুলডোজার চালিয়ে ফাঁকা করে দেওয়া হয়। ব্যবসায়ীদের অভিযোগ, একদিন আগেই এই নোটিশ রেলের তরফে দেওয়া হয়েছিল। রেল পুলিশ জানিয়েছে, যাত্রীদের সুবিধার জন্যই এই উচ্ছেদ অভিযান হয়েছে। এলাকায় ব্যবসায়ীদের দৌরাত্ম্যে যাতায়াতে সমস্যা হত, সেই অভিযোগ যাত্রীদের। চলাচলের এলাকা ফাঁকা হয়ে যাওয়ায় খুশি যাত্রীদের একটা বড় অংশ।রেলের তরফে জানানো হয়েছে, যাত্রীদের চলাচলের সুবিধার জন্য এই উচ্ছেদ অভিযান চালানো হয়েছে। ওই জায়গা ফাঁকা করার জন্য আগেই ওই ব্যবসায়ীদের উচ্ছেদের নোটিশ ধরানো হয়েছিল বলে রেল সূত্রে জানানো হয়েছিল। হাওড়া অত্যন্ত গুরুত্বপূর্ণ রেল স্টেশন। লক্ষ লক্ষ যাত্রীদের চাপ থাকে প্রতিদিন। অভিযোগ, স্টেশন চত্বরে বহু ব্যবসায়ী দোকান খুলে, ডালা লাগিয়ে অবৈধভাবে ব্যবসা করছিলেন। দীর্ঘদিন ব্যবসায়ীদের উঠে যাওয়ার কথা বলা হলেও তাঁরা কথা কানে তোলেননি বলে অভিযোগ।

রেল পুলিশের অভিযান। নিজস্ব চিত্র

গতকাল রাতে বিশাল সংখ্যায় পুলিশ ওই এলাকা ঘিরে ফেলে। নিয়ে আসা হয় বুলডোজার। এক এক করে অবৈধ দোকান ভাঙা চলতে থাকে রেল পুলিশের তরফে। ওই জায়গায় যাতে যাত্রীদের ভিড় না থাকে, সেই কথা মাইকিংয়ের মাধ্যমে রেল পুলিশ বারবার প্রচার করতে থাকে। কিছু ব্যবসায়ী সেসবের মধ্যে ব্যবসার জিনিসপত্র সরিয়ে নিয়ে যেতে পেরেছিলেন। রেল পুলিশের তরফে জানানো হয়েছে, আদালতের নির্দেশ পাওয়ার পরই এই অভিযান চালানো হয়েছে। তার আগে ব্যবসায়ীদের কাছে উচ্ছেদের নোটিশও জারি করা হয়েছিল।

# ঝড়-বৃষ্টির তাণ্ডবে লণ্ডভণ্ড উত্তর ধুলাগাঁও,ব্যাপক ক্ষয়ক্ষতি

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**



শনিবার রাতের প্রবল ঝড় ও বৃষ্টিতে ব্যাপক ক্ষয়ক্ষতির মুখে পড়ল ফালাকাটা ব্লকের জটেশ্বর ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের উত্তর ধুলাগাঁও এলাকা। মুহূর্তের মধ্যে প্রকৃতির তাণ্ডবে লণ্ডভণ্ড হয়ে যায় বিস্তীর্ণ অঞ্চল। ঝড়ের তীব্র দাপটে বহু গাছ উপড়ে পড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে একাধিক বসতবাড়ি।কোথাও উড়ে গিয়েছে টিনের চাল, কোথাও আবার ভেঙে পড়েছে ঘরের একাংশ।

সবচেয়ে ভয়াবহ দৃশ্য দেখা যায় একটি মারুতি ভ্যানকে কেন্দ্র করে। রাস্তার ধারে থাকা বিশাল একটি গাছ আচমকাই ভেঙে পড়ে গাড়িটির উপর। প্রবল আঘাতে গাড়িটি সম্পূর্ণ দুমড়ে-মুচড়ে যায়। যদিও এই ঘটনায় কোনো

এরপর ৩ পাতায়

# কুলিয়ানায় পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষকে সংবর্ধনা, ফের উঠল সুবর্ণরেখিক রেলপথের দাবি



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

দীর্ঘ রাজনৈতিক পালাবদলের পর রাজ্যে ক্ষমতায় এসেছে বিজেপি সরকার। আর সেই পরিবর্তনের অন্যতম মুখ দিলীপ ঘোষ রাজ্যের পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী হিসেবে প্রথমবার নিজের ভিটেমাটি ঝাড়গ্রাম জেলার কুলিয়ানা গ্রামের বাড়িতে ফিরতেই এলাকাজুড়ে তৈরি হয় উৎসবের আবহ। কর্মী-সমর্থকদের পাশাপাশি সাধারণ মানুষের মধ্যেও ছিল ব্যাপক উৎসাহ।

রবিবার কুলিয়ানায় পৌঁছে প্রথমে গ্রামের একাধিক মন্দিরে পুজো অর্চনা করেন তিনি। এরপর কুলিয়ানা গ্রামবাসীদের উদ্যোগে আয়োজিত সংবর্ধনা সভায় যোগ দেন পঞ্চায়েত মন্ত্রী। সেখানে বিভিন্ন সামাজিক ও সাংগঠনিক মঞ্চের পক্ষ থেকে তাকে ফুলের তোড়া ও উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানানো হয়। এদিন সভামঞ্চে সুবর্ণরেখিক রেলপথ সংগ্রাম কমিটির পক্ষ থেকেও রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষকে সংবর্ধনা জানানো হয়। পাশাপাশি কমিটির সদস্যরা খড়্গপুর থেকে বারিপাদা পর্যন্ত রেলপথ চালুর দাবি তোলেন। তাদের দাবি, দীর্ঘদিন ধরে এই রেলপথের অভাবে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ১ নং ব্লক, সাঁকরাইল, নয়াগ্রাম সহ একাধিক ব্লকের বিস্তীর্ণ এলাকার মানুষ যাতায়াত ও

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# ঝড়-বৃষ্টির তাণ্ডবে লণ্ডভণ্ড উত্তর ধুলাগাঁও,ব্যাপক ক্ষয়ক্ষতি

প্রাণহানির খবর মেলেনি, তবে আতঙ্ক ছড়িয়ে পড়ে গোটা এলাকায়।ঝড়ের জেরে বিদ্যুতের খুঁটি ভেঙে পড়ে এবং ছিঁড়ে যায় একাধিক বৈদ্যুতিক তার। ফলে দীর্ঘ সময় বিদ্যুৎ বিচ্ছিন্ন অবস্থায় থাকতে হয় জটেশ্বরের বিস্তীর্ণ এলাকাকে। অন্ধকারে চরম দুর্ভোগে রাত কাটান স্থানীয় বাসিন্দারা।রবিবার সকাল হতেই এলাকার মানুষ নিজেদের উদ্যোগে রাস্তা পরিষ্কারের কাজে নেমে পড়েন। উপড়ে পড়া গাছ সরিয়ে স্বাভাবিক পরিস্থিতি ফেরানোর চেষ্টা চালান স্থানীয়রা। ক্ষতিগ্রস্ত পরিবারগুলির পাশে দ্রুত প্রশাসনের দাঁড়ানো, বিদ্যুৎ পরিষেবা দ্রুত স্বাভাবিক করা এবং প্রয়োজনীয় ত্রাণ সহায়তার দাবি জানিয়েছেন এলাকাবাসী।ঝড় থেমে গেলেও এখনও আতঙ্ক কাটেনি উত্তর ধুলাগাঁওয়ের মানুষের মধ্যে। প্রকৃতির এই আকস্মিক তাণ্ডবে ক্ষয়ক্ষতির পরিমাণ খতিয়ে দেখছে প্রশাসন।

(২ পাতার পর)

# কুলিয়ানায় পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষকে সংবর্ধনা, ফের উঠল সুবর্ণরেখিক রেলপথের দাবি

ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে সমস্যার মুখে পড়ছেন। সুবর্ণরেখিক রেলপথ সংগ্রাম কমিটির সভাপতি সত্যব্রত রাউৎ বলেন, “সুবর্ণরেখা নদী তীরবর্তী এলাকার অধিকাংশ মানুষ কৃষিকাজের উপর নির্ভরশীল। কিন্তু পর্যাপ্ত যোগাযোগ ব্যবস্থা না থাকায় চাষিদের ফসল বাজারজাত করতে নানা সমস্যার মুখে পড়তে হয়। খড়্গপুর থেকে বারিপাদা পর্যন্ত রেলপথ চালু হলে কৃষকরা খুব সহজেই কম খরচে দূর-দূরান্তে ফসল নিয়ে গিয়ে বিক্রি করতে পারবেন। পাশাপাশি সাধারণ মানুষের যাতায়াতের ক্ষেত্রেও অনেক সুবিধা হবে।” তিনি আরও বলেন, “এই রেলপথ চালু হলে শুধু যোগাযোগ ব্যবস্থার উন্নতি নয়, এলাকার সামগ্রিক উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার এবং কর্মসংস্থানের নতুন সুযোগও তৈরি হবে। দীর্ঘদিন ধরে এলাকার মানুষ এই দাবির জন্য আন্দোলন করে আসছেন। তাই নতুন সরকারের কাছে আমাদের বিশেষ আবেদন, দ্রুত এই প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হোক।” রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ সুবর্ণরেখিক রেলপথ সংগ্রাম কমিটির পাশে থাকার আশ্বাস দেন।

# উত্তাল পার্ক সার্কাস ! পুলিশকে লক্ষ্য করে ইট বিক্ষোভকারীদের


**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বিভিন্ন ইস্যুতে পার্ক সার্কাসে একদল বিক্ষোভকারী জমায়েত হয়। পুলিশ বিক্ষোভ তুলতে গেলে সংঘর্ষ বেঁধে যায়। পুলিশকে লক্ষ্য করে ইট ছুড়তে শুরু করে বিক্ষোভকারীরা। কেন্দ্রীয় বাহিনীর বাস ভাঙচুর হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে লাঠিচার্জ করে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গিয়ে পুলিশের ৩ জন আহত হন।আসানসোলে সরকারি নির্দেশিকা মেনে ধর্মীয় প্রতিষ্ঠানে মাইকের আওয়াজ কম করতে বলায় জনরোষে পড়ে পুলিশ। ঘটনার পরেই কড়া পদক্ষেপ পুলিশের। দ্রুত অভিযুক্তদের বাড়িতে তল্লাশি চালানো হয়। এই ঘটনায় এখনও পর্যন্ত গ্রেফতার হয়েছে ২৬ জন। গতকাল রাতে আসানসোল উত্তর থানার জাহাঙ্গির মহল্লায় ধর্মীয় প্রতিষ্ঠানের মাইকের আওয়াজ কম করতে বলে পুলিশ। এই নিয়েই উপস্থিত লোকজনের মধ্যে ২টি দল তৈরি হয়। তাঁরা নিজেদের মধ্যে বচসায় জড়িয়ে পড়ে, এমনটাই খবর আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেট সূত্রে খবর। গোলমাল থামাতে গেলে পুলিশ আউটপোস্ট লক্ষ্য করে পাথর ছোড়া হয়। নিমেষে অগ্নিগর্ভ হয়ে ওঠে এলাকা। এরপরেই পরিস্থিতি মোকাবিলায় কড়া পদক্ষেপ নেয় পুলিশে। রাতভর

এরপর ৬ পাতায়

# কলকাতা পুলিশের প্রাক্তন ডিসিপির সঙ্গে মুর্শিদাবাদ যোগ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইডির জালে ধরা পড়েছেন কলকাতা পুলিশের প্রাক্তন ডিসিপি শান্তনু সিনহা বিশ্বাস। তার বাড়ি মুর্শিদাবাদের কান্দির ৮ নং ওয়ার্ডের জেমো বিশ্বাস পাড়াতে। পড়াশোনা কান্দিতে করলেও খুব বেশি আসেননা তিনি। তাদের যে পৈতৃক বাড়ি রয়েছে, তা সংস্কারের জন্য আড়াই কোটি টাকা নিয়েছিলেন দাউদ সেখ, বলে জানতে পেরেছেন ইডি আধিকারিকরা।শান্তনুর বাড়িতে অভিযান থেকেই এই সমস্ত মূল্যবান উপহারের হদিস মিলেছে, দাবি এনফোর্সমেন্ট ডিরেক্টরের। শুধু উপহার নয়, এই চক্রে জুড়ে থাকতে একাধিক সিম ও মোবাইল ব্যবহার করতেন শান্তনু সিনহা বিশ্বাস। আরও দাবি করা হয়েছে, জোর করে জমি দখল ও বেআইনি নির্মাণ সিন্ডিকেট চালাতে একাধিক নম্বর ব্যবহার করতেন শান্তনু সিনহা বিশ্বাস।যদিও পনেরো কাঠার ওপর ওই বাড়ি সংস্কার করেছেন তিনি।

শরিকানার এই বাড়িতে একপক্ষকে টাকা দেওয়া হয়েছে বলে জানতে পারা গিয়েছে। তবে এই দাউদ' শেখের বাড়ি বড়ঞা থানার কুলি এলাকাতে। ইডি তাকেও ডেকেছিল জিজ্ঞাসাবাদের জন্য। কিন্তু দাউদ শেখ তারপর থেকে বেপাত্তা। তবে কান্দিতে পুরসভা ও ব্লকে বিভিন্ন ঠিকাদারি কাজ করতো বলে জানা গিয়েছে। বিজেপি নেত্রী বিনীতা রায় বলেন, "সবে তদন্ত শুরু হয়েছে এই শান্তনু সিনহা বিশ্বাসের সঙ্গে কান্দি এলাকার অনেক তৃণমূল নেতৃত্ব জড়িত। ইডি তদন্ত করলেই অনেকের নাম উঠে আসবে"।

জমি কেলেঙ্কারি মামলার তদন্তে নেমে ইডি জানতে পেরেছে শান্তনু সিনহা বিশ্বাস উপহার বাবদ কোটি টাকার হাতঘড়ি পেয়েছিলেন জমি কেলেঙ্কারি মামলার, এমনটাই তদন্তে দাবি করেছে ইডি। জয় কামদার উপহার পাঠাতেন শান্তনু ও তাঁর পরিবারে সদস্যদের। সেই উপহারের মধ্যেই বহু মূল্যবান ঘড়ির সন্ধান পেয়েছে ইডি, যার দাম কোটি টাকা!

## সম্পাদকীয়

### ‘বিদেশে থাকা বাঙালিরা ফিরুন’, ফলতা থেকে শিল্প ও কর্মসংস্থানের বড় বার্তা শমীকের

দক্ষিণ ২৪ পরগনার ফলতা থেকে শিল্প, বিনিয়োগ এবং কর্মসংস্থান নিয়ে বড় বার্তা দিল বিজেপি। বিদেশে কিংবা দেশের অন্য প্রান্তে থাকা বাঙালি উদ্যোগপতি ও শিল্পপতিদের বাংলায় ফিরে এসে বিনিয়োগ করার আহ্বান জানালেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তাঁর দাবি, পরিযায়ী শ্রমিকের জেলা হিসেবে দক্ষিণ ২৪ পরগনার পরিচয় এবার বদলাবে। নতুন শিল্প গড়ে তুলে কর্মসংস্থানের নতুন দরজা খুলতে চায় বিজেপি সরকার।

রবিবার ফলতা বিধানসভা কেন্দ্রে প্রচারে এসে একাধিক গুরুত্বপূর্ণ রাজনৈতিক ও অর্থনৈতিক বার্তা দেন শমীক ভট্টাচার্য। উল্লেখ্য, এই কেন্দ্রে নির্বাচন কমিশন পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। সেই আবহেই ফলতার মাটিতে বিজেপির শক্তি প্রদর্শন এবং ভবিষ্যৎ পরিকল্পনার রূপরেখা তুলে ধরেন তিনি।

দক্ষিণ ২৪ পরগনা থেকে বিপুল সংখ্যক মানুষ কাজের সন্ধানে ভিনরাজ্যে পাড়ি দেন। সেই প্রসঙ্গ টেনে শমীকের বক্তব্য, “পরিযায়ী শ্রমিকের জেলা হিসেবে দক্ষিণ ২৪ পরগনার পরিচয় এবার মুছে ফেলতে হবে।”

তিনি জানান, দেশ-বিদেশে ছড়িয়ে থাকা বাঙালি শিল্পপতি, ইঞ্জিনিয়ার এবং স্টার্টআপ উদ্যোক্তাদের বাংলায় ফিরিয়ে আনার চেষ্টা করছে বিজেপি। তাঁর দাবি, বহু বাঙালি বর্তমানে বিদেশে গুরুত্বপূর্ণ দায়িত্বে কাজ করছেন বা সফল ব্যবসা গড়ে তুলেছেন। তাঁদের অভিজ্ঞতা ও বিনিয়োগ বাংলার শিল্পোন্নয়নে কাজে লাগাতে চায় বিজেপি।

ফলতার সভা থেকে তৃণমূল কংগ্রেসকেও তীব্র আক্রমণ করেন বিজেপির রাজ্য সভাপতি। তাঁর দাবি, “পরবর্তী নির্বাচনের পর তৃণমূল বলে কোনও দল আর থাকবে না।”

কোচবিহার, আলিপুরদুয়ার এবং মুর্শিদাবাদের উদাহরণ টেনে তিনি বলেন, রাজ্যে বিজেপির প্রতি মানুষের সমর্থন দ্রুত বাড়ছে। ফলতাতেও সেই পরিবর্তনের হাওয়া বইবে বলেই আত্মবিশ্বাসী তিনি।

নাম না করে তৃণমূল নেতৃত্বকে কটাক্ষ করে শমীক বলেন, “আমরা বলছি আসুন, প্রচার করুন। আমাদের কর্মীরা শাঁখ বাজিয়ে, উলুধ্বনি দিয়ে স্বাগত জানাবে। কিন্তু তাঁরা আসছেন না।”

একইসঙ্গে রাজনৈতিক সংস্কৃতির বদলের কথাও বলেন তিনি। বিজেপি ঘৃণা বা আগ্রাসনের রাজনীতি করতে চায় না বলেও দাবি করেন শমীক ভট্টাচার্য। তবে অতীতের রাজনৈতিক হিংসা ও অত্যাচারের কথাও ভুলে না যাওয়ার বার্তা দেন তিনি।

ফলতার বিজেপি প্রার্থী দেবাংশু পণ্ডাকে ১ লক্ষের বেশি ভোটে জেতানোর ডাক দেন শমীক। তাঁর কথায়, “১ লক্ষ ভোটে জেতান, সব কাজ করিয়ে নেবেন।”

সভা থেকে অন্নপূর্ণা যোজনার টাকাও দ্রুত পৌঁছে দেওয়ার আশ্বাস দেন তিনি। শমীকের দাবি, আগামী ১ জুন থেকেই মহিলাদের অ্যাকাউন্টে আগের তুলনায় দ্বিগুণ অর্থ পাঠানো হবে।

## জঙ্গলের দেবী মা মনসা





মৃত্যুঞ্জয় সরদার

(অষ্টম পর্ব)

পতির নাম জগৎকারু । তাঁদের একটি পুত্র সন্তান হয়, তাঁর নাম আস্তিক । একদা সামান্য কারনে মুনি, মনসাকে পরিত্যাগ করেন । আবার আস্তিকের প্রসঙ্গ মহাভারতে দেখা যায় । রাজা জনমেজয় সর্প নিধন যজ্ঞ আরম্ভ করলে আস্তিক সর্প কূলের প্রান রক্ষা করেন । মনসা নামের উৎপত্তি ‘মনস’ শব্দের স্ত্রী লিঙ্গে ‘আপ’ প্রত্যয় করে মনসা শব্দের ব্যুৎপত্তি । সুতরাং এই দিক থেকে মনসা মনের অধিষ্ঠাত্রী দেবী । দেবী ভাগবত ও ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ পুরান বলেন – সর্প ভয় থেকে মনুষ্য দের উদ্ধারের জন্য পরম পিতা ব্রহ্মা

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## শব্দ দূষণ রুখতে পুলিশের কঠিন পদক্ষেপ জাঙ্গিপাড়ায়, গ্রেপ্তার ১



বলাইচাঁদ মুখোপাধ্যায়, জাঙ্গিপাড়া হুগলী

গ্রামীণ এলাকায় পুজো ও উৎসবকে কেন্দ্র করে ডিজে বক্স বাজানোর রেওয়াজে মানুষ শব্দ দূষণে অতিষ্ঠ হয়ে পড়েছিল। পুলিশ প্রাথমিক ব্যবস্থা নিলেও ডিজে বাজানো বন্ধে তেমন কোন সাড়া পাওয়া যায়নি। তাই এবার জাঙ্গিপাড়া থানা কর্তৃপক্ষ শব্দ দূষণ রুখতে বড়সড় পদক্ষেপ নিল। বিশেষ অভিযান চালিয়ে গ্রামীন এলাকা থেকে বাজেয়াপ্ত করা হল ডিজে সাউন্ড সিস্টেম ও একাধিক উচ্চক্ষমতাসম্পন্ন আরসিএফ হাই-পিচ সাউন্ড বক্স। সাথে সাথে এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে এক ব্যক্তিকে। পুলিশ জানিয়েছে, সাধারণ মানুষের অভিযোগের ভিত্তিতেই এই অভিযান চালানো হয়েছে এবং ভবিষ্যতে শব্দ দূষণ সংক্রান্ত আইন ভাঙলে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

আতঙ্কিত ইন্দ্র ছুটলেন ব্রহ্মার কাছে। নিরুপায় ব্রহ্মা সূর্যের কাছে। এর আগেই শনি দ্বারা আক্রান্ত সূর্য ব্রহ্মাকেই শনিকে সংযত করার অনুরোধ করলেন। ব্রহ্মা গেলেন বিষ্ণুর কাছে।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ইস্টার্ন রেলওয়ের ৩০ মিনিটে ঝকঝকের মেগা পরিচ্ছন্নতা অভিযান

স্টাফ রিপোর্টার, রোজদিন



শিয়ালদা ডিভিশন স্বচ্ছতা সচেতনতা অভিযান পর্বের শুরু করেছে। "রিপোর্ট করার ৩০ মিনিটের মধ্যে পরিচ্ছন্নতার গ্যারান্টি" শীর্ষক স্বচ্ছতা অভিযানের দ্বিতীয় পর্বের (Phase-II) সূচনা হলো । ঐতিহাসিক শিয়ালদহ স্টেশনে জেনারেল ম্যানেজার শ্রী মিলিন্দ দেওস্কর আনুষ্ঠানিকভাবে পক্ষকালব্যাপী এই "৩০-মিনিট স্পার্কল" অভিযানের উদ্বোধন করেন। স্টেশনটি বিশদভাবে পরিদর্শন করার সময় শ্রী দেওস্কর স্টেশনের হকার, বিক্রেতা এবং যাত্রীদের সাথে ব্যক্তিগতভাবে কথা বলেন এবং জোর দিয়ে বলেন যে, পরিচ্ছন্নতা হলো একটি যৌথ জয়।

যাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, "এই ৩০ মিনিটের প্রতিশ্রুতি আপনাদের কাছে আমাদের 'পরিচ্ছন্নতার গ্যারান্টি', । যাত্রীরা এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং অনেকেই এতে অংশ নিতে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলগুলো ডাউনলোড করেন।

জেনারেল ম্যানেজার আনুষ্ঠানিকভাবে কর্মসূচিটির উদ্বোধন করেন, যা শিয়ালদহ, হাওড়া, মালদা এবং আসানসোল ডিভিশন জুড়ে একটি দাগহীন পরিচ্ছন্ন পরিবেশ গড়ে তোলার আন্দোলন শুরু করেছে। #ERChallenge-এর মাধ্যমে যাত্রীরা যদি কোনো আবর্জনা বা অপরিচ্ছন্ন জায়গা দেখতে পান, তবে তাঁরা কেবল একটি ছবি তুলে সোশ্যাল মিডিয়ায় অফিসিয়াল ডিভিশনাল হ্যান্ডেলগুলোতে, সরাসরি 'রেলমদদ' (Railmadad) অ্যাপের মাধ্যমে রিপোর্ট নথিভুক্ত করতে পারেন। একবার রিপোর্টটি যাচাই হয়ে গেলেই, নির্দিষ্ট স্থানে ৩০ মিনিটের সময়সীমার মধ্যে পরিচ্ছন্নতা ফিরিয়ে আনতে তাৎক্ষণিকভাবে ডেডিকেটেড র‍্যাপিড-রেসপন্স ক্লিনিং স্কোয়াড পাঠিয়ে দেওয়া হবে।

ইস্টার্ন রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শ্রী শিবরাম মাজি বলেন যে, "আজ আমরা কেবল একটি পরিষেবার সূচনা করিনি; আমরা এমন একটি সংস্কৃতির সূচনা করেছি যেখানে স্টেশনকে আমাদের নিজেদের বাড়ির মতোই শ্রদ্ধার সাথে দেখা হবে। #ERChallenge হলো আমাদের এই বিশ্বাসের প্রমাণ যে, যখন রেলওয়ে এবং জনগণ একসাথে কাজ করে, তখন একটি দাগহীন পরিচ্ছন্ন যাত্রা আর কোনো স্বপ্ন থাকে না, বরং তা একটি গ্যারান্টি হয়ে ওঠে।" কলকাতা থেকে স্মৃতি সামন্তের রিপোর্ট

(১ম পাতার পর)

# জোড়া বৈঠক করলেন শুভেন্দু অধিকারী

নন্দীগ্রামের বিধায়ক না থাকলেও, বন্ধু হিসেবে সবসময় নন্দীগ্রামের মানুষের পাশেই থাকবেন। আর এই বার্তার পরেই, আজ, শনিবার সন্ধেয় নন্দীগ্রামে হাজির হয়ে গেলেন মুখ্যমন্ত্রী। সেখানে দলীয় কর্মীদের নিয়ে চলল রুদ্ধদ্বার বৈঠক।

বৈঠকে কী বার্তা শুভেন্দু অধিকারীর?

শুভেন্দু অধিকারী নন্দীগ্রাম কেন্দ্র ছেড়ে দেবেন, এই ঘোষণা হয়ে যাওয়ার পর থেকেই প্রত্যেকে জানতে চান, উপনির্বাচনে নন্দীগ্রামে কে প্রার্থী হবেন। মনে করা হচ্ছিল, এদিনের রুদ্ধদ্বার বৈঠকে ঠিক হয়ে যাবে যে, নন্দীগ্রামের উপনির্বাচনে বিজেপি প্রার্থী কে হচ্ছেন? তবে রুদ্ধদ্বার বৈঠক ছেড়ে বেরিয়ে কী জানালেন কর্মীরা? রিয়াপাড়ায় সাংগঠনিক বৈঠক ছাড়াও, বিধায়ক, জেলাশাসক আর পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ভগবানপুরের বিধায়ক বলছেন, 'মানুষকে নিয়ে, মানুষের উন্নয়ন নিয়ে কথা হয়েছে। কোন কোন কাজ আটকে রয়েছে, কোন কোন কাজ আগে করতে হবে, কোন কাজে জোর দিতে হবে এই সমস্ত বিষয় নিয়ে আলোচনা হয়েছে। কেলেঘাই নদীর ভাঙনে বারে বারে ভাঙন হয়, মানুষ বন্যা কবলিত হয়ে পড়ে। সেগুলি রোধ করার কথা বলেছেন। পাশাপাশি আমাদের বার্তা দেওয়া হয়েছে, সবাইকে নিয়ে কাজ করতে হবে। ভোট শেষ মানে যে সংগঠন চুপ করে বসে থাকবে, এমনটা হবে না। সবাই যেন মাঠে থাকেন, এলাকার শান্তিশৃঙ্খলা বজায় রাখার জন্য কাজ করতে হবে। মানুষকে দেওয়া প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পালন করতে হবে।'

# আফসলুইটডাইক বাঁধ পরিদর্শন প্রধানমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী, নেদারল্যান্ডসের মহামান্য প্রধানমন্ত্রী রব জেটেন-এর সঙ্গে নেদারল্যান্ডসের জল ব্যবস্থাপনার এক অনন্য নিদর্শন – আফসলুইটডাইক - বাঁধ পরিদর্শন করেন।

এই পরিদর্শনটি উদ্ভাবনী জল ব্যবস্থাপনা সমাধান, জলবায়ু সহনশীলতা এবং সুস্থায়ী পরিকাঠামো গড়ার প্রতি উভয় দেশের অভিন্ন অঙ্গীকারকে বিশেষভাবে তুলে ধরে। ৩২ কিলোমিটার দীর্ঘ একটি বাঁধ ও সংযোগসড়ক হিসেবে আফসলুইটডাইক বন্যা নিয়ন্ত্রণ এবং ভূমি পুনরুদ্ধারের ক্ষেত্রে বিশ্বজুড়ে একটি আদর্শ মানদণ্ড হিসেবে স্বীকৃত; এটি নেদারল্যান্ডসের বিশাল অংশকে



উত্তর সাগরের আগ্রাসন থেকে রক্ষা করার পাশাপাশি মিষ্টি জল সংরক্ষণের সুযোগও করে দেয়।

এই বাঁধ পরিদর্শনকালে 'আফসলুইটডাইক' এবং ভারতের গুজরাট রাজ্যে বাস্তবায়নাধীন উচ্চাভিলাষী 'কালপসার' প্রকল্পের মধ্যকার সাদৃশ্যগুলোর ওপর বিশেষ আলোকপাত করা হয়। 'কালপসার' প্রকল্পের মূল লক্ষ্য হলো খাম্বাত উপসাগরের ওপর দিয়ে একটি বিশাল মিষ্টি জলের জলাধার গড়ে তোলা, যার সঙ্গে জোয়ার-ভাটা শক্তি উৎপাদন, সেচ ব্যবস্থা এবং পরিবহন পরিকাঠামোকে সমন্বিত করা হবে। এই প্রেক্ষাপটে, 'কালপসার' প্রকল্পে কারিগরি সহযোগিতার লক্ষ্যে ভারতের 'জলশক্তি মন্ত্রক' এবং নেদারল্যান্ডসের 'পরিকাঠামো ও জল ব্যবস্থাপনা মন্ত্রক'-এর মধ্যে একটি আশয়পত্র স্বাক্ষরিত হওয়াকে উভয় পক্ষই স্বাগত জানায়।

উভয় নেতা অভিমত প্রকাশ করেন যে, জল প্রকৌশল বা হাইড্রোলিক ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে নেদারল্যান্ডসের বিশেষ দক্ষতা এবং ভারতের প্রকল্প বাস্তবায়নের বিশাল পরিসর - উভয় দেশের জন্য পারস্পরিক কল্যাণকর অংশীদারিত্ব গড়ে তোলার অপার সুযোগ সৃষ্টি করেছে। এই পরিদর্শনটি 'ভারত-নেদারল্যান্ডস জল বিষয়ক কৌশলগত অংশীদারিত্ব'-কে পুনরায় সুদৃঢ় করেছে এবং উদ্ভাবন ও টেকসই উন্নয়নের প্রতি উভয় দেশের অভিন্ন অঙ্গীকারকে বিশেষভাবে তুলে ধরেছে।

(৩ পাতার পর)

## উত্তাল পার্ক সার্কাস !

## পুলিশকে লক্ষ্য করে ইট বিক্ষোভকারীদের

তল্লাশি চালিয়ে এখনও পর্যন্ত ২৬ জনকে গ্রেফতার করা হয়েছে।ঘটনার পর কড়া পদক্ষেপ পুলিশের। গ্রেফতার করা হয়েছে ২০ জনকে। ধৃতদের মধ্যে একজন ফেসবুক লাইভ করে আজ জমায়েতের ডাক দিয়েছিল বলে পুলিশ সূত্রে দাবি। বাকি অভিযুক্তদের খোঁজে বিভিন্ন জায়গায় তল্লাশি চলছে।

পুলিশ সূত্রে খবর, রবিবার দুপুরে আচমকাই উত্তপ্ত হয়ে ওঠে পার্ক সার্কাস এলাকা। জানা গিয়েছে, একাধিক সমস্যা নিয়ে বিক্ষোভ দেখাতে পার্ক সার্কাসে জড়ো হয়েছিলেন একদল বিক্ষোভকারী। পুলিশ এই বিক্ষোভ তুলতে গেলে তাঁদের সঙ্গে সংঘর্ষ বেঁধে যায় বিক্ষোভকারীদের। পুলিশকে লক্ষ্য করে উট ছুঁড়তে শুরু করে বিক্ষোভকারীদের একাংশ। পাশেই থাকা কেন্দ্রীয় বাহিনীর একটি বাসেও বিক্ষোভকারীরা ভাঙচুর চালান বলে অভিযোগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে একপ্রকার বাধ্য হয়েই লাঠিচার্জ করে পুলিশ। সেই সময় বিক্ষোভকারীদের সঙ্গে সংঘর্ষে তিনজন পুলিশকর্মী আহত হয়েছেন বলে জানা গিয়েছে।

পার্ক সার্কাসের এই ঘটনায় কড়া পদক্ষেপ নিয়েছে পুলিশ। ইতিমধ্যেই ২০ জনকে গ্রেফতার করা হয়েছে বলে খবর। বাকিদের খোঁজে শুরু হয়েছে তল্লাশি অভিযান। বিভিন্ন জায়গায় খোঁজ চলছে এই পলাতক অভিযুক্তদের। পুলিশ সূত্রে খবর, ধৃতদের মধ্যে একজন ফেসবুক লাইভ করে আজ জমায়েতের ডাক দিয়েছিল।

আসানসোলে পুলিশের উপর হামলা করায় গ্রেফতার ২৬ জন।

## ভারত-নেদারল্যান্ডস কৌশলগত অংশীদারিত্বের রূপরেখা [২০২৬-২০৩০]

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মহামান্য রব জেটেন, ১৬ মে ২০২৬ তারিখে হেগে- তে অনুষ্ঠিত তাঁদের বৈঠকে, সুনির্দিষ্ট ও সময়সীমা-বদ্ধ উদ্যোগ এবং যৌথ কর্মপরিকল্পনা অনুসরণের মাধ্যমে ভারত-নেদারল্যান্ডস দ্বিপাক্ষিক সম্পর্ককে একটি কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করতে সম্মত হয়েছেন। এই লক্ষ্যে, ভারত ও নেদারল্যান্ডস আগামী ৫ বছরের (২০২৬-২০৩০) জন্য 'ভারত-নেদারল্যান্ডস কৌশলগত অংশীদারিত্বের রূপরেখা গ্রহণ করেছে।

উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়গুলোতে সম্মত হয়েছে:

১. রাজনৈতিক সংলাপ

ক. সরকার/রাষ্ট্রপ্রধান, পররাষ্ট্রমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রিসভার মন্ত্রীদের মধ্যে নিয়মিত ভিত্তিতে বৈঠক ও পারস্পরিক সফর বজায় রাখা; যার মধ্যে বহুপাক্ষিক ইভেন্টগুলোর ফাঁকে অনুষ্ঠিত বৈঠকগুলিও অন্তর্ভুক্ত থাকবে।

খ. পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ে একটি কার্যপদ্ধতি চালু করা, যা এই কৌশলগত অংশীদারিত্বের রূপরেখার অগ্রগতির পর্যালোচনা করতে এবং ভবিষ্যতের পদক্ষেপগুলোর জন্য কৌশলগত দিকনির্দেশনা প্রদান করতে বার্ষিক বৈঠক আয়োজন করবে।

গ. অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট সকল খাতে সহযোগিতা গভীরতর করার লক্ষ্যে, সংশ্লিষ্ট মন্ত্রকগুলোর প্রধানদের মধ্যে বৈঠক ও মতবিনিময় জোরদার করবে।

২. অর্থনৈতিক সহযোগিতা ও বিনিয়োগ

ক. সামগ্রিক 'যৌথ বাণিজ্য ও

ক্রমশঃ

# সিনেমার খবর

## অন্তরঙ্গ দৃশ্য নিয়ে অসন্তুষ্ট কিয়ারা, ছেঁটে ফেলার অনুরোধ

স্টাফ রিপোর্টার, রোজদিন

কন্নড় সুপারস্টার যশের বহুল প্রতীক্ষিত সিনেমা 'টক্সিক: এ ফেয়ারি টেল ফর গ্রোন আপস' মুক্তির আগেই একের পর এক বিতর্কে জড়িয়ে পড়ছে। এবার নতুন করে আলোচনায় এসেছেন সিনেমায় যশের বিপরীতে অভিনয় করা কিয়ারা আদভানি।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুসারে, সিনেমার কিছু অন্তরঙ্গ দৃশ্য নিয়ে নির্মাতাদের কাছে আপত্তি জানিয়েছেন তিনি।

তেলেগু নিউজ পোর্টাল 'গুল্টে'-র প্রতিবেদন অনুযায়ী, কিয়ারা আদভানি সম্প্রতি সিনেমার চূড়ান্ত সম্পাদনা দেখার পর নির্দিষ্ট কিছু দৃশ্য নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। জানা গেছে, যশের সঙ্গে একটি রোমান্টিক দৃশ্যের শুটিংয়ের সময় কিয়ারাকে আশ্বাস দেওয়া হয়েছিল যে, দৃশ্যটি তার স্বাচ্ছন্দ্যের মধ্যেই রাখা হবে।

তবে ফাইনাল ভার্সন দেখার পর কিয়ারা মনে করছেন, পর্দায় দৃশ্যটি যেভাবে ফুটে উঠেছে তা বেশ অস্বস্তিকর। ফলে তিনি নির্মাতাদের কাছে অনুরোধ করেছেন যেন ওই দৃশ্যটি কিছুটা ছেঁটে ছোট করা হয় অথবা এর তীব্রতা কমিয়ে একটি মার্জিত সংস্করণ চূড়ান্ত মুক্তিপ্রাপ্ত সিনেমায় রাখা হয়।



সিনেমাটি নিয়ে বিতর্কের সূত্রপাত হয়েছিল যশের জন্মদিনে মুক্তি পাওয়া টিজার থেকে। সেখানে যশকে 'রায়া' নামক একজন গ্যাংস্টার অবতারে দেখা যায়। টিজারের একটি অংশে একটি সমাধিস্থলের কাছে গাড়ির ভেতরে একটি বোল্ড সিকোয়েন্স দেখানো হয়েছিল।

এই দৃশ্যটি সামাজিক যোগাযোগমাধ্যমে তীব্র সমালোচনার মুখে পড়ে। নেটিজেনদের একাংশ এই উপস্থাপনাকে সিনেমাটির গল্পের মেজাজের জন্য অতিরিক্ত আক্রমণাত্মক বলে মনে করছেন। এই অনলাইন বিতর্কের রেশ কাটতে না কাটতেই এবার কিয়ারা আদভানির এই দাবি সিনেমাটির ওপর বাড়তি চাপ তৈরি করল।

## অন্তরঙ্গ দৃশ্যের শুটিংয়ে অভিনেতারা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন: অন্নু



স্টাফ রিপোর্টার, রোজদিন

অন্তরঙ্গ দৃশ্য শুটিংয়ে অনেক সময় অভিনেতারা নিজেদের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এমনকি পরিচালক 'কাট' বলার পরেও কেউ কেউ চরিত্র থেকে বেরোতে পারেন না বলে মন্তব্য করেছেন অভিনেতা-পরিচালক অন্নু কাপুর। তার এমন বক্তব্য ঘিরে বলিউডে তীব্র আলোচনা শুরু হয়েছে।

সিদ্ধার্থ কান্নানের শোতে অন্নু বলেন, 'অন্তরঙ্গ দৃশ্যের শুটিং নিয়ে দর্শকদের যেমন কৌতূহল থাকে, বাস্তব অভিজ্ঞতা অনেক সময় তার চেয়েও বেশি অস্বস্তিকর হয়ে ওঠে। কিছু ক্ষেত্রে অন্তরঙ্গ দৃশ্যের সময় পুরুষ অভিনেতারা নিজেদের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এমনকি পরিচালক 'কাট' বলার পরেও কেউ কেউ চরিত্র থেকে বেরোতে পারেন না। এই ধরনের পরিস্থিতিতে কখনও কখনও সহ-অভিনেত্রীরা অস্বস্তিকর অবস্থায় পড়েন'

একটি ঘটনার উল্লেখ করে তিনি বলেন, 'এক অভিনেতা শুটিংয়ের সময় নিজেকে সামলাতে পারেননি এবং 'কাট' বলার পরও থামেননি। পরিস্থিতি এতটাই জটিল হয়ে ওঠে যে অভিনেত্রীকে সেখান থেকে সরে যেতে হয় এবং তিনি মানসিকভাবে আতঙ্কিত হয়ে পড়েন।'

অন্নু কথায়, 'কিছু মানুষ এই ধরনের দৃশ্যের সুযোগ নিতে চান'।

নিজের কাজের ধরণ সম্পর্কে অন্নু জানান, তিনি সবসময় এই ধরনের দৃশ্যে পেশাদারিত্ব বজায় রাখেন। যদি কোনও সহ-অভিনেত্রী অস্বস্তি বোধ করেন, তিনি কেবল তার কাছে জানতে চান যে তিনি ঠিক আছেন কি না। এর বাইরে তিনি কোনও কথা বলা পছন্দ করেন না যাতে অভিনেত্রীর অস্বস্তি আরও বেড়ে যায়।

তার মতে, ঘনিষ্ঠ দৃশ্যের শুটিংয়ে পেশাদারিত্ব এবং পারস্পরিক সম্মান সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। একজন শিল্পীর দায়িত্ব হলো সহ-অভিনেতার স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া।

অন্নু কাপুরকে শেষ দেখা গেছে অক্ষয় কুমার ও আরশাদ ওয়ার্সির ব্লকবাস্টার ছবি 'জলি এলএলবি ৩'-তে, যা গত বছরের সেপ্টেম্বরে মুক্তি পেয়ে বক্স অফিসে দারুণ সফল হয়েছিল। শোনা যাচ্ছে, শিগগিরই তিনি পঙ্কজ ত্রিপাঠি ও সৌরভ শুক্লার সঙ্গে প্রিয়দর্শনের একটি কমেডি ড্রামায় স্ক্রিন শেয়ার করবেন।


## হারিয়ে যাওয়া ফুটেজ উদ্ধার, ২৫ বছর পর ইরফান-বিদ্যার সেই সিনেমা মুক্তি

স্টাফ রিপোর্টার, রোজদিন

প্রয়াত অভিনেতা ইরফান খানের ষষ্ঠ মৃত্যুবার্ষিকীতে মুক্তি পেল বহু প্রতীক্ষিত সিনেমা 'দ্য লাস্ট টেন্যান্ট'। প্রায় ২৫ বছর আগে নির্মিত এই সিনেমাটি তাঁর সঙ্গে অভিনয় করেছেন বিদ্যা বালান।

২০০০ সালে নির্মিত হলেও নানা জটিলতায় এতদিন মুক্তি পায়নি সার্থক দাশগুপ্ত পরিচালিত এই সাইকোলজিক্যাল থ্রিলারটি। ২৯ এপ্রিল ইউটিউবে মুক্তি দেওয়া হয়, যা মূলত ইরফান খানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে মুক্তি দেওয়া হয়েছে।

ভারতীয় একাধিক গণমাধ্যম সূত্রে জানা গেছে, শুটিং শেষ হওয়ার পর মূল ফুটেজ হারিয়ে যাওয়ায় সিনেমাটি দীর্ঘদিন আটকে ছিল। পরিচালক প্রায় আশা ছেড়েই দিয়েছিলেন। তবে হঠাৎ একটি পুরনো ভিএইচএস কপি উদ্ধার হওয়ায় নতুন করে প্রাণ পায় 'দ্য লাস্ট টেন্যান্ট'। এরপর সিনেমাটি পুনরুদ্ধার করে দর্শকের সামনে আনার সুযোগ তৈরি হয়।



নিজের শুরুর দিনগুলোর স্মৃতিচারণ করে সার্থক দাশগুপ্ত বলেন, নতুন পরিচালক হিসেবে কোনও আনুষ্ঠানিক প্রশিক্ষণ বা প্রযুক্তিগত সহায়তা ছাড়াই তিনি কাজটি করেছিলেন। ইরফানের প্রতি শ্রদ্ধা জানিয়ে ছবিটি মুক্তি দিতে পারা তার কাছে আবেগঘন মুহূর্ত।

অন্যদিকে বিদ্যা বালানও 'দ্য লাস্ট টেন্যান্ট' নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেছেন। তার ভাষায়, 'এত বছর পর সিনেমাটি দর্শকের কাছে পৌঁছানো অবাস্তব মনে হচ্ছে। ইরফানের সঙ্গে কাজের অভিজ্ঞতা আজ আরও মূল্যবান, কারণ এটিই তাঁদের একমাত্র যৌথ কাজ।'

সিনেমার গল্পে দেখা যায়, এক বিপর্যস্ত সঙ্গীতশিল্পী দেশ ছাড়ার আগে একটি পরিত্যক্ত বাড়িতে আশ্রয় নেয়। সেখানে স্মৃতি, সঙ্গীত আর রহস্যময় আবহে গড়ে ওঠে এক ভিন্নধর্মী অভিজ্ঞতা।

উল্লেখ্য, ২০২০ সালের ২৯ এপ্রিল মুম্বাইয়ে ক্যানসারের সঙ্গে লড়াই করে মারা যান ইরফান খান। তার স্মৃতিকে সামনে রেখেই বহু বছর পর দর্শকের কাছে পৌঁছাল এই হারিয়ে যাওয়া সিনেমা।

# ১৮ কোটির পাথিরানাকে নিয়ে ফের মহা সঙ্কটে কেকেআর, আবার চোটে কাবু পাথিরানা!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অবশেষে তিনি মাঠে ফিরলেন, দল জয়ে ফিরল কিন্তু তাঁর ৪ ওভার খেলা হল না। মাত্র ৮ বল করেই মাঠ ছাড়তে হল এই শ্রীলঙ্কান পেসার মাথিশা পাথিরানাকে। ১৮ কোটি টাকা দিয়ে এই বার কেকেআর কিনেছিল পাথিরানাকে। কিন্তু ১১ ম্যাচ না খেলার পরে অবশেষে তাঁর নামার পরেও আবার তাঁর চোট সমস্যায় ফেলতে পারে রাহানেদের।

গতকাল, ইডেন গার্ডেন্সে ইমপ্যাক্ট সাব হয়ে কেকেআরের হয়ে নিজের অভিষেক ম্যাচ খেললেন পাথিরানা। তার মধ্যে ৮ বলে তিনি দিয়েছেন ৯ রান। এরপরেই দেখা যায়, প্রায় খোঁড়াতে খোঁড়াতে মাঠ ছাড়ছেন



পাথিরানা। আইপিএলে শুরু থেকেই বোলিং সমস্যায় ভুগেছে কেকেআর। আইপিএলে যোগ দেওয়ার আগে শ্রীলঙ্কার বোর্ডের কাছে ফিটনেস টেস্টে পাশ করেই আইপিএলে যোগ দেওয়ার ছাড়পত্র পেয়েছিলেন পাথিরানা। কিন্তু দলের ১২তম ম্যাচে আবার তিনি চোট পেলেন। প্রথম ওভার করার পরেও তিনি দ্বিতীয় ওভার করতে যান কিন্তু আবার চোট পাওয়ায় মাঠ ছাড়তে হয় তাঁকে। টি-টোয়েন্টি বিশ্বকাপের সময় পায়ের পেশিতে চোট পেয়েছিলেন পাথিরানা।

এই সময়ে আইপিএলের সব ম্যাচ গুরুত্বপূর্ণ। প্লে-অফে খেলতে হলে সব ম্যাচে জিততে হবে কেকেআরকে। আগামী ২০ ও ২৪ মে ঘরের মাঠেই মুম্বই ও দিল্লির বিরুদ্ধে খেলবে নাইটরা। সেই দুই ম্যাচেও জিতলে নাইটদের পয়েন্ট হবে ১৫। তখন দেখা হবে আইপিএলে প্রথম ৪ দলের পয়েন্টস। এই মুহূর্তে কেকেআর ১১ পয়েন্ট নিয়ে পয়েন্টস টেবিলের সপ্তম স্থানে। এই দুই ম্যাচের মধ্যে একটিতেও যদি কেকেআর জিততে না পারে, তাহলে এই বারের মতো আইপিএল যাত্রা শেষ হয়ে যাবে কেকেআরের। তবে পাথিরানার চোট কতটা গুরুতর, এই মুহূর্তে জানানো হয়নি কেকেআর শিবির থেকে। কিন্তু এই লড়াইয়ে ইতিমধ্যেই পাথিরানার চোট একধাক্কায় কয়েক ধাপ পিছিয়ে রাখবে কেকেআরকে।

## আথলেতিক বিলবাওয়ের কোচ হচ্ছেন তেরজিচ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

দীর্ঘ বিরতির পর আবারও কোচিংয়ে ফিরছেন এদিন তেরজিচ। বরুশিয়া ডর্টমুন্ড অধ্যায় শেষ করে প্রায় দুই বছর বিরতির পর এবার স্প্যানিশ ক্লাব আথলেতিক বিলবাওয়ের দায়িত্ব নিয়েছেন তিনি।

এক বিবৃতিতে বিলবাও কর্তৃপক্ষ জানায়, আগামী মৌসুম থেকে ৪৩ বছর বয়সী এই জার্মান কোচ দলটির দায়িত্ব পালন করবেন। তিনি বর্তমান কোচ এর্নেস্তো ভালভের্দের স্থলাভিষিক্ত হবেন। ভালভের্দের অধীনে চলতি মৌসুমে এখন পর্যন্ত ৩৪ ম্যাচ খেলে ৪৪ পয়েন্ট নিয়ে লিগে অষ্টম স্থানে রয়েছে বিলবাও।

ডর্টমুন্ডে দায়িত্ব পালনকালে ২০২১ সালে জার্মান কাপ জেতান তেরজিচ। এছাড়া ২০২৪ সালে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে দলকে তুললেও শেষ পর্যন্ত রিয়াল মাদ্রিদ-এর কাছে ২-০ গোলে হেরে শিরোপা হাতছাড়া হয় তাদের।

ওই ফাইনালের পরপরই ডর্টমুন্ডের দায়িত্ব ছাড়েন তেরজিচ। এরপর আর কোনো ক্লাবে যুক্ত হননি তিনি। নতুন মৌসুমে বিলবাওয়ের দায়িত্ব নিয়ে তার কোচিং ক্যারিয়ারের নতুন অধ্যায় শুরু হতে যাচ্ছে।

## শ্রীলঙ্কার ওয়েস্ট ইন্ডিজ সফরের সূচি প্রকাশ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আগামী জুন মাসে পূর্ণাঙ্গ সিরিজ খেলতে ওয়েস্ট ইন্ডিজ সফরে যাবে শ্রীলঙ্কা ক্রিকেট দল। সফরে তিন ওয়ানডে, তিনটি টি-টোয়েন্টি ও দুই টেস্টের সিরিজ খেলবে লঙ্কানরা। সেই সফরের পূর্ণাঙ্গ সূচি এবার প্রকাশ করা হয়েছে।

ওয়ানডে এবং টি-টোয়েন্টি সিরিজের ম্যাচগুলো হবে কিংসটনে। এছাড়া দুই টেস্টের সিরিজ হবে অ্যান্টিগায়। ওয়ানডে দিয়ে শুরুর পর টি-টোয়েন্টি সিরিজ হয়ে টেস্ট সিরিজ দিয়ে শেষ হবে লঙ্কানদের ক্যারিবিয়ান সফর।

সর্বশেষ টি-টোয়েন্টি বিশ্বকাপে ভালো খেলেছে দুই দলই। সহ-আয়োজক শ্রীলঙ্কা দাপুটে ক্রিকেট খেলে সুপার এইট পর্যন্ত গেলেও সুপার এইটে হেরেছে সব ম্যাচ। অন্যদিকে ওয়েস্ট ইন্ডিজ সুপার এইটে দুর্দান্ত খেলে অলিখিত কোয়ার্টার ফাইনালে কলকাতায় হেরেছে ভারতের কাছে। সেমিফাইনালে চলে যায় ভারত, বিদায় নেয় ওয়েস্ট ইন্ডিজ। পরে সেমিফাইনালে ইংল্যান্ড এবং ফাইনালে নিউজিল্যান্ডকে হারিয়ে ঘরের মাঠে বিশ্বকাপ জয়ের আনন্দে মাতে টিম ইন্ডিয়া।

৩ জুন প্রথম ওয়ানডে দিয়ে শুরু হওয়া লঙ্কানদের সফর দ্বিতীয় টেস্ট দিয়ে শেষ হবে ৭ জুলাই। ২০২৭ ওয়ানডে বিশ্বকাপের আগে দুই দলের জন্য ভালো প্রস্তুতির সিরিজ হতে যাচ্ছে এই সিরিজ।

শ্রীলঙ্কার ওয়েস্ট ইন্ডিজ সফরের পূর্ণাঙ্গ সূচি :

প্রথম ওয়ানডে : ৩ জুন, কিংসটন
দ্বিতীয় ওয়ানডে : ৬ জুন, কিংসটন
তৃতীয় ওয়ানডে : ৮ জুন, কিংসটন
প্রথম টি-টোয়েন্টি : ১১ জুন, কিংসটন
দ্বিতীয় টি-টোয়েন্টি : ১৩ জুন, কিংসটন
তৃতীয় টি-টোয়েন্টি : ১৪ জুন, কিংসটন
প্রথম টেস্ট : ২৫-২৯ জুন, অ্যান্টিগা
দ্বিতীয় টেস্ট : ৩-৭ জুলাই, অ্যান্টিগা

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR